২৯/৭/২০০৭

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ......

[redacted]কিলাব

## ঢাকা কলেজ ক্যাম্পাস

# ছাত্রদল-ছাত্রলীগের মধ্যে গুলী বিনিময়ে ৪ জন আহত

**স্টাফ রিপোর্টার ঃ** ঢাকা কলেজ ক্যাম্পাসে গতকাল (সোমবার) ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া এবং বোমা বিস্ফোরণ ও গুলী বিনিময়ের সময় দু'জন সাধারণ ছাত্র ও দু'জন রিকশাচালক আহত হয়েছে।

গতকাল সকাল সাড়ে ১০টার দিকে ছাত্রদলের নেতা-কর্মীরা ঢাকা কলেজ ক্যাম্পাসে জড়ো হয়। এ সময় ছাত্রলীগের নেতা-কর্মীরা শহীদ মিনার এলাকায় অবস্থান করছিল। ছাত্রদলের নেতা-কর্মীরা ক্যাম্পাসে ঢুকলে উত্তেজনার সৃষ্টি হয়। এক পর্যায়ে উভয় পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া শুরু হয়। এ সময় সেখানে ১০/১২ রাউন্ড গুলীর শব্দ শোনা যায়। ধাওয়া-পাল্টা ধাওয়ার এক পর্যায়ে ছাত্রলীগ নেতা-কর্মীরা শহীদ মিনার এলাকা ছেড়ে হোস্টেলে গিয়ে আশ্রয় নেয়। এ সময় ছাত্রদল নেতা-কর্মীরা শহীদ মিনারে অবস্থান গ্রহণ করলে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাদেরকে ধাওয়া করে ক্যাম্পাস থেকে রাস্তায় বের করে দেয়।